মহাসিংহাসনে বসি   শুনিছ, হে বিশ্বপিত,
তোমারি রচিত ছন্দে  মহান্ বিশ্বের গীত ॥
মর্তের মৃত্তিকা হয়ে   ক্ষুদ্র এই কণ্ঠ লয়ে
আমিও দুয়ারে তব   হয়েছি হে উপনীত ॥
কিছু নাহি চাহি, দেব,   কেবল দর্শন মাগি ।
তোমারে শুনাব গীত,   এসেছি তাহারি লাগি ।
গাহে যেথা রবি শশী   সেই সভামাঝে বসি
একান্তে গাহিতে চাহে   এই ভকতের চিত ॥

---